

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৬১

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (کتاب السیر) পরিচ্ছেদঃ ৭৯. কুরাইশগণের ফযীলত সম্পর্কে

باب فِي فَضْل ِ قُرَيْشٍ

আরবী

حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَلِيّ بْنِ زَيْدٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرَةَ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَرَأَيْتُمْ إِنْ كَانَ أَسْلَمُ وَغِفَارٌ خَيْرًا مِنْ الْحَلِيفَيْنِ أَسَدٍ وَغَطَفَانَ أَتُرَوْنَهُمْ خَسِرُوا قَالُوا نَعَمْ قَالَ فَإِنَّهُمْ خَيْرٌ مِنْهُمْ قَالَ أَفَرَأَيْتُمْ إِنْ كَانَ مُزَيْنَةُ وَجُهَيْنَةُ خَيْرًا مِنْ تَمِيمٍ وَعَامِرِ بْنِ صَعْصَعَةَ وَمَدَّ بِهَا صَوْتَهُ أَتُرَوْنَهُمْ خَيْرٌ مِنْهُمْ خَيْرٌ مِنْهُمْ خَيْرٌ مِنْهُمْ

বাংলা

২৫৬১. আব্দুর রহমান ইবনু আবু বাকরাহ তার পিতা হতে বর্ণনা করেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "তোমাদের কি মত, যদি আসলাম, গিফার, দু'টি গোত্র আসাদ ও গাতফানের চেয়ে উত্তম হয়, তাহলে তোমাদের ধারণা মতে তারা (আসাদ ও গাতফান) ক্ষতিগ্রস্ত হয়ে গেলো? তারা বলল, হাাঁ। তিনি বললেন, নিশ্চিতই এরা (আসলাম-গিফার) তাদের (আসাদ- গাতফান) চাইতে অনেক উত্তম।" তিনি বললেন: "মুযাইনা এবং জুহাইনা গোত্রদ্বয় তামীম, আমের ইবনু সা'সা'আ গোত্রের চেয়ে উত্তম হয়, তাহলে তোমাদের ধারণা মতে তারা (মুযাইনা এবং জুহাইনা) ক্ষতিগ্রস্ত হয়ে গেলো? তারা বলল, হাাঁ। তিনি বললেন, নিশ্চিতই এরা (মুযাইনা এবং জুহাইনা) তাদের (তামীম, আমের ইবনু সা'সা'আর) চাইতে অনেক উত্তম।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ যয়ীফ। তবে হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, মানাকিব ৩৫১৫, ৩৫১৬,; মুসলিম, ফাযাইলুস সাহাবাহ ২৫২২।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৭২৯০ তে।



এছাড়াও, ইবনু আবী শাইবা ১২/১৯৬ নং ১২৫২৫ সহীহ সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবূ বাকরা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন